

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ১১/২০১৯

তারিখ : ২৬ - ০৯ - ২০১৯

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়


প্রিয় সাথী,

আগের সার্কুলারে অধ্যাপক সমিতির আগামী বার্ষিক সাধারণ সভার নির্ধৃত আপনাদের জানিয়েছিলাম। এবার আমাদের সমিতির ৯৩ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৪ নভেম্বর, ২০১৯ রবিবার, গোলপার্ক রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার (বিবেকানন্দ হলে) অনুষ্ঠিত হবে। সভা শুরু হবে সকাল ৯টায়। সদস্য বন্ধুদের রেজিস্ট্রেশন ও অন্যান্য কাজ শুরু হবে সকাল ৮টায়। কর্মসমিতির সিদ্ধান্ত অনুযায়ী এবারের রেজিস্ট্রেশন ফি ধার্য হয়েছে ৩০০ টাকা। আশাকরি অতীতের মতো এবারেও আপনারা বিপুল সংখ্যায় অগ্রিম রেজিস্ট্রেশন করে কলেজ প্রাইমারী ইউনিট - ভিত্তিক সমিতির দপ্তরে নামের তালিকা জমা দেবেন। দূরবর্তী জেলাগুলির কতজন বন্ধুর রাত্রিযাপনের জন্য সমিতিতে ব্যবস্থা করতে হবে, তা অবশ্যই ১৫ নভেম্বরের মধ্যে জানাতে হবে। এবারের বার্ষিক সাধারণ সভাকে সামনে রেখে আগামী ২৩ নভেম্বর, ২০১৯ শনিবার দুপুর ৩ টায় গোলপার্ক রামকৃষ্ণ মিশনের শিবানন্দ হলে একটি জাতীয় পর্যায়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। আলোচ্য বিষয় : প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি-২০১৯। জেনারেল কমিটির সদস্যদের বার্ষিক প্রতিবেদন অনুমোদনের সভা আগামী ১৭ নভেম্বর, ২০১৯, কলকাতার জয়পুরিয়া কলেজে দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। সদস্য বন্ধুদের যথাসময়ে উপস্থিত হতে অনুরোধ করছি।

বন্ধুগণ, পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে এবারের বার্ষিক সাধারণ সভায় আপনারা সর্বাধিক সংখ্যায় উপস্থিত হবেন আশা রাখি। ইতোমধ্যে সমিতির নেতৃত্ব রাজ্য সরকারের কালা শিক্ষা-আইন বাতিলের দাবিতে আদালতের দ্বারস্থ হয়েছে। আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে এই আইনকে সামনে রেখে রাজ্য সরকার পুরোদস্তুর স্বৈচ্ছাচারী পদক্ষেপ নিতে শুরু করেছে। আক্রান্ত ক্যাম্পাস, আক্রান্ত রাজ্যের শিক্ষার সার্বিক পরিমণ্ডল। পাট টাইম - কন্ট্রাক্টচুয়াল হোলটাইম টিচার, গ্রন্থাগারিকদের সুনির্দিষ্ট বেতনক্রম ও সুনির্দিষ্ট চাকরীর শর্তাবলীর দাবিতে সমিতি দীর্ঘদিন ধরে আন্দোলন করেছে। এ বিষয়ে সমিতির নেতৃত্ব বহু শিক্ষক আদালতে মামলা করেছেন। ইতোমধ্যে এই মামলার দুটি আশাব্যঞ্জক শুনানী হয়েছে। অন্যদিকে পাট টাইম/কন্ট্রাক্টচুয়াল হোলটাইম এবং অতিথি শিক্ষকদের নিয়ে মুখ্যমন্ত্রীর একটি ঘোষণা উক্ত অংশের শিক্ষকদের মধ্যে একাদিক্রমে আশা ও আশাঙ্কার সঞ্চার করেছে। এই সমস্ত বিষয়ে আসন্ন বার্ষিক সাধারণ সভায় বিস্তারিত আলোচনা প্রয়োজন। আমরা এবছর বার্ষিক সাধারণ সভায় মর্যাদার সঙ্গে শিক্ষাদানের অধিকার রক্ষার আন্দোলনকে আগামী দিনে কিভাবে আরও তীব্র রূপে পরিচালনা করা যায় সে বিষয়ে আলোচনা করব। আপনাদের মতামত সমিতির প্রক্যবদ্ধ মঞ্চের আন্দোলনকে আরও শক্তিশালী করবে এই বিশ্বাস রাখি। রেজিস্ট্রেশন, বাসস্থান ও অন্যান্য বিষয়ে যোগাযোগ করার জন্য সমিতির নিম্নলিখিত পদাধিকারীর নাম ও ফোন নম্বর দেওয়া হল।

- |                                |              |
|--------------------------------|--------------|
| ১) অধ্যাপক প্রবোধ মিশ্র        | - ৯৮৩১৪৩৩৪১৭ |
| ২) অধ্যাপক গোকুলানন্দ গোস্বামী | - ৯৪৩৩১১৫৫৯৮ |
| ৩) অধ্যাপক বিনায়ক ভট্টাচার্য  | - ৯৮৩১৩৩৯০২৫ |
| ৪) অধ্যাপিকা সুরত্মা গাঙ্গুলী  | - ৯৮৩১৫১৪১০৬ |
| ৫) অধ্যাপক প্রদীপ দত্তগুপ্ত    | - ৯৮৩০০৫০৬৬৯ |
| ৬) অধ্যাপিকা সুনেন্দ্রা মিত্র  | - ৯৪৩৩০৮৯২৭৭ |

অভিনন্দন সহ -



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪

# WEST BENGAL COLLEGE & UNIVERSITY TEACHERS' ASSOCIATION

(REGISTERED UNDER ACT XXI 1860)

89, MAHATMA GANDHI ROAD, KOLKATA-700 007

Telefax : 2241-2060/2219-8930, E-mail: [wbcuta@yahoo.in](mailto:wbcuta@yahoo.in)

Website: <http://www.wbcuta.org>

For favour of Circulation among Members

## ANNUAL GENERAL MEETING

The 93<sup>rd</sup> Annual General Meeting of the Association will be held on Sunday, the 24<sup>th</sup> November, 2019 at 9 a.m. at Vivekananda Hall, Ramakrishna Mission Institute of Culture, Golpark. All members are requested to be present.



(Kesab Bhattacharya)  
General Secretary  
WBCUTA

25-09-2019

## AGENDA

1. To confirm the proceedings of the last Annual General Meeting.
2. To consider the Annual Report with Audited Accounts and to pass resolution thereon.
3. To consider proposal for change of Rules.
4. To elect the Hony. Auditor.
5. To consider, formulate and lay down a general policy relating to any matter concerning the aims, administration, finances, and development of the Association, either on its own initiative or on a reference from the General Committee and/or Executive Committee.
6. To consider any bye-laws framed by the Executive Committee or action taken by the Executive Committee according to Rule XIII(ix).
7. Any other matter that may be brought up by the Executive Committee.